

## কুয়াশা : জেদ্দা থেকে আগত ফ্লাইট গেলো কলকাতায়

- A Monitor Desk Report

Date: 03 January, 2026



ঢাকাঃ ঘন কুয়াশার কারণে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে শুক্রবার (২ জানুয়ারি) রাত থেকে শনিবার (৩ জানুয়ারি) ভোর পর্যন্ত একটি আন্তর্জাতিক ফ্লাইট অবতরণ করতে পারেনি।

কুয়াশায় রানওয়ে দৃশ্যমান না থাকায় নিরাপত্তাজনিত কারণে জেদ্দা থেকে আগত একটি ফ্লাইট কলকাতায় অবতরণ করেছে।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করেছে।

বিমানবন্দর সূত্র জানায়, মধ্যরাতে কুয়াশার কারণে অনেক ফ্লাইট দেশের আকাশে চক্কর দেয়। প্রায় ডজনখানেক ফ্লাইট ২ থেকে ৪ ঘণ্টা বিলম্বে ঢাকায় অবতরণ করেছে। এদের মধ্যে মাস্কাট থেকে আগত সালাম এয়ার, বিমানের গুয়াংজু ফ্লাইট, এয়ার অ্যারাবিয়ার শারজাহ ফ্লাইট, ইউএস-বাংলা এয়ারলাইন্সের ৪টি ফ্লাইট, বিমানের কুয়ালালামপুর ফ্লাইট এবং কাতার এয়ারওয়েজের দোহা ফ্লাইট উল্লেখযোগ্য।

এদিকে, আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, দুপুর পর্যন্ত মাঝারি থেকে ঘন কুয়াশায় ঢাকা থাকতে পারে রাজধানী ঢাকা। কমতে পারে দৃশ্যমানতাও। সেই সঙ্গে বাতাসে আর্দ্রতা বেশি থাকায় শীতের অনুভূতিও আরও বাড়ার সম্ভাবনা রয়েছে। শনিবার সকাল ৭টা থেকে পরবর্তী ৬ ঘণ্টার জন্য ঢাকা ও পার্শ্ববর্তী এলাকার আবহাওয়ার পূর্বাভাসে এসব তথ্য জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।

-B